**অবিলম্বে প্রকাশের উদ্দেশ্যে:** 2/24/2023 **গভর্নর ক্যাথি হোকল**

# কোভিড-19 এর বিরুদ্ধে স্টেটের লড়াইয়ে অগ্রগতি সম্পর্কে গভর্নর হোকল ইয়র্কবাসীদের হালনাগাদ তথ্য প্রদান করেন

***গভর্নর নিউ ইয়র্কবাসীদের COVID-19 এর বিরুদ্ধে সুরক্ষিত থাকা ও চিকিৎসা করানোর জন্য সরঞ্জামগুলোর ব্যবহার অব্যাহত রাখতে উৎসাহিত করেছেন: টিকা, বুস্টার, পরীক্ষা ও চিকিৎসা***

***23 ফেব্রুয়ারি তারিখে স্টেট ব্যাপী 10 জনের মৃত্যু সম্পর্কে রিপোর্ট করা হয়েছে***

কোভিড-19 এর বিরুদ্ধে লড়াইয়ে স্টেটের অগ্রগতি সম্পর্কে গভর্নর ক্যাথি হোকল আজ নিউ ইয়র্কবাসীকে আপডেট দিয়েছেন এবং শীতের মৌসুমে আরো বেশি করে দেখা দেওয়া ভাইরাসজনিত সংক্রমণের বিস্তার থেকে সুরক্ষিত থাকার জন্য তারা গ্রহণ করতে পারেন এমন প্রাথমিক পদক্ষেপগুলো বর্ণনা করেছেন।

"আমি নিউ ইয়র্কবাসীদের প্রতি নিজেদেরকে, তাদের প্রিয়জনদেরকে এবং তাদের কমিউনিটিকে নিরাপদ ও সুস্থ রাখার জন্য এই নভেম্বর মাসে সতর্ক থাকতে এবং লভ্য সব হাতিয়ার ব্যবহার করতে সনির্বন্ধ অনুরোধ জানাচ্ছি," **বলেছেন গভর্নর হোকল।** "টিকার ডোজগুলো নিয়ে হালনাগাদ থাকা নিশ্চিত করুন, এবং সমাবেশ বা ভ্রমণ করার আগে পরীক্ষা করুন। যদি আপনার পরীক্ষার ফলাফল পজিটিভ আসে, তাহলে চিকিৎসার সম্ভাব্য অপশনগুলো সম্পর্কে আপনার ডাক্তারের সাথে কথা বলুন।"

ফ্লু এবং COVID-19 থেকে সুরক্ষিত থাকতে এবং স্থানীয় হাসপাতালগুলিতে রোগীর বোঝা কমাতে গভর্নর হোকল নিউ ইয়র্কবাসীদেরকে সাধারণ প্রতিরোধমূলক ব্যবস্থা গ্রহণের জন্য সনির্বন্ধভাবে অনুরোধ জানাচ্ছেন — যেমন টিকা নিয়ে হালনাগাদ থাকা এবং সঠিক স্বাস্থ্যবিধি অনুশীলন করা। এই শীতে স্টেটের স্বাস্থ্য খাতে প্রস্তুতির প্রচেষ্টার বিষয়ে নিউ ইয়র্কবাসীদের আপডেট করার সময় গভর্নর এসব মৌলিক পদক্ষেপ পুনর্ব্যক্ত করেছেন।

নিউ ইয়র্ক স্টেটের ডিপার্টমেন্ট অব হেলথ-এর 11 ফেব্রুয়ারিতে শেষ হওয়া সপ্তাহের সাপ্তাহিক ফ্লু সার্ভেইল্যান্স রিপোর্টে দেখা গেছে যে একটানা ঊনিশতম সপ্তাহের মতো স্টেটজুড়ে ইনফ্লুয়েঞ্জা সংক্রমণ ভৌগোলিকভাবে ব্যাপক পর্যায়ে রয়েছে, যেখানে এখন পর্যন্ত রিপোর্টকৃত 57টি কাউন্টিতে মোট 313,261টি পজিটিভ কেস পাওয়া গেছে। এই রিপোর্ট থেকে দেখা যায় যে

আগের সপ্তাহের তুলনায় স্টেটজুড়ে নিশ্চিত হওয়া কেসের সংখ্যা 10 শতাংশ বেড়ে এই সপ্তাহে 2,612টি কেসে এসে দাঁড়িয়েছে, অন্যদিকে হাসপাতালে ভর্তি হওয়ার সামগ্রিক সংখ্যা 36 শতাংশ কমে স্টেটজুড়ে 134-এ এসে দাঁড়িয়েছে।

সেইসাথে, অ্যাকিউট কেয়ার ফ্যাসিলিটি এবং দীর্ঘমেয়াদী সেবা কেন্দ্রগুলোতে দুই বার প্রাদুর্ভাব দেখা দিয়েছে বলে রিপোর্টে জানানো হয়েছে। এই সপ্তাহে ইনফ্লুয়েঞ্জার কারণে একটি শিশুর মৃত্যুর খবর পাওয়া গেছে, যা স্টেটব্যাপী মোট মৃত্যুর সংখ্যা 10টিতে নিয়ে এসেছে।

ফ্লু-এর মৌসুম অব্যাহত থাকার এই সময়ে, গভর্নর হোকল সব নিউ ইয়র্কবাসীকে মনে করিয়ে দেন যে তাদের বার্ষিক ফ্লু-এর টিকা নেওয়ার জন্য খুব বেশি দেরি হয়ে যায়নি। ফ্লু ভাইরাস ও কোভিড-19 সৃষ্টিকারী ভাইরাস উভয়ই ছড়িয়ে পড়ছে, তাই সুস্থ থাকার জন্য এবং স্বাস্থ্যসেবা ব্যবস্থার ওপর অতিরিক্ত চাপ এড়াতে উভয়ের বিরুদ্ধে টিকা নেওয়াই সেরা উপায়।

স্বাস্থ্য বিভাগ তাদের বার্ষিক পাবলিক এডুকেশন ক্যাম্পেইন অব্যাহত রেখেছে, যা প্রাপ্তবয়স্কদের এবং পিতামাতাদের নিজেদের জন্য এবং 6 মাস বা তার বেশি বয়সী শিশুদের জন্য ফ্লু ও কোভিড-19 টিকা নেওয়ার কথা মনে করিয়ে দেয়। ফ্লু-এর টিকা গ্রহণের ক্লিনিকগুলো সম্পর্কে তথ্যের জন্য, স্থানীয় স্বাস্থ্য বিভাগের সাথে যোগাযোগ করুন অথবা ভিজিট করুন vaccines.gov/find-vaccines/।

এছাড়াও গভর্নর হোকল নিউ ইয়র্কবাসীদের বাইভ্যালেন্ট কোভিড-19 এর টিকার বুস্টার ডোজ গ্রহণের উৎসাহ দিয়ে যাচ্ছেন। ডিসেম্বর মাসে, নিউ ইয়র্ক স্টেটের স্বাস্থ্য বিভাগ (Department of Health) বাইভ্যালেন্ট কোভিড-19 বুস্টার ডোজ সম্পর্কিত নতুন নির্দেশনা ঘোষণা করেছে, যেগুলো এখন 6 মাসের চেয়ে বেশি বয়সের উপযুক্ত শিশুদের জন্য লভ্য রয়েছে।

আপডেট করা বুস্টারগুলি প্রথমে মূল ভাইরাস স্ট্রেন এবং সম্প্রতি ছড়িয়ে পড়া ভ্যারিয়েন্টগুলিকে লক্ষীভূত করবে এবং ছোট নিউ ইয়র্কবাসী এবং যোগ্য সকলের জন্য সুপারিশ করা হয়। বুস্টারের জন্য একটি অ্যাপয়েন্টমেন্ট নির্ধারণ করতে, নিউ ইয়র্কবাসীরা তাদের স্থানীয় ফার্মেসি, কাউন্টি স্বাস্থ্য বিভাগ, বা স্বাস্থ্যসেবা প্রদানকারীর সাথে যোগাযোগ করা উচিত; কাছাকাছি অবস্থানগুলো খুঁজতে vaccines.gov ওয়েবসাইট ভিজিট করুন; জিপ কোড লিখে 438829 নম্বরে টেক্সট করুন, অথবা 1-800-232-0233 নম্বরে ফোন করুন।

আজকের তথ্য সংক্ষেপে নিচে তুলে ধরা হলো:

- **প্রতি 100k-তে কেস সংখ্যা** - 8.89
- **প্রতি 100k-তে 7 দিনের গড় কেস সংখ্যা** - 10.12
- **যতগুলি পরীক্ষার ফলাফল জানানো হয়েছে** - 46,915
- **মোট পজিটিভ** - 1,737
- **পজিটিভের শতকরা হার** - 3.39%**
- **7-দিনে পজিটিভের গড় শতকরা হার** - 3.91%**
- **হাসপাতালে ভর্তি থাকা রোগী** - 1,945 (-48)
- **নতুন ভর্তি হওয়া রোগী** - 291

- **ICU-তে রোগী** - 217 (+2)
- **ICU-তে ইনটিউবেশনসহ রোগী** - 80 (-1)
- **মোট ডিসচার্জ** - 402,785 (+301)
- **HERDS-এর মাধ্যমে স্বাস্থ্যসেবা কেন্দ্রগুলোর রিপোর্টকৃত নতুন মৃত্যু** - 17
- **HERDS-এর মাধ্যমে স্বাস্থ্যসেবা কেন্দ্রগুলোর রিপোর্টকৃত মোট মৃত্যু** - 61,790

** ফেডারেল স্বাস্থ্য ও মানব পরিষেবা বিভাগ (Department of Health and Human Services) এর পরীক্ষার রিপোর্টিং সংক্রান্ত নীতিমালার পরিবর্তন এবং অন্যান্য কয়েকটি কারণে, কোনো কমিউনিটিতে ভাইরাসের প্রভাব পরিমাপের সবচেয়ে নির্ভরযোগ্য পদ্ধতি হলো প্রতি 100,000 এ কেস সংখ্যার ডেটা -- পজিটিভের শতকরা হার নয়।

হেলথ কেয়ার ইলেকট্রনিক রেসপন্স ডেটা সিস্টেম (Health Electronic Response Data System, HERDS) একটি NYS DOH ডেটা উৎস যা দৈনিক নিশ্চিত মৃত্যুর ডেটা সংগ্রহ করে যা কেবল হাসপাতাল, নার্সিং হোম এবং প্রাপ্তবয়স্কদের পরিচর্যার ফেসিলিটিগুলি জানে।

**গুরুত্বপূর্ণ টীকা:** সোমবার, 4 এপ্রিল থেকে ফেডারেল স্বাস্থ্য ও মানব পরিষেবা বিভাগ কোভিড-19 র‍্যাপিড অ্যান্টিজেন পরীক্ষা পদ্ধতি ব্যবহার করছে এমন পরীক্ষা কেন্দ্রগুলোর জন্য নেগেটিভ ফলাফল সম্পর্কে রিপোর্ট করার বাধ্যবাধকতা তুলে নেওয়ার বিষয়টি কার্যকর করেছে। এর ফলে, নিউ ইয়র্ক স্টেটের ইতিবাচকের শতাংশের মেট্রিক কেবল পরীক্ষাগারে রিপোর্ট করা PCR (polymerase chain reaction, PCR) ফলাফল ব্যবহার করে গণনা করা হবে। ইতিবাচক অ্যান্টিজেন পরীক্ষাগুলি এখনও নিউ ইয়র্ক স্টেটকে রিপোর্ট করা হবে এবং প্রতিদিনের নতুন কেসগুলি ও প্রতি 100 হাজার কেসের রিপোর্টিংয়ে PCR এবং অ্যান্টিজেন পরীক্ষা উভয়ই অন্তর্ভুক্ত থাকা অব্যাহত থাকবে। এই পরিবর্তন এবং পরীক্ষা করার রীতি পরিবর্তন হওয়া সহ অন্যান্য বিষয়ের কারণে, কোনো কমিউনিটির উপর ভাইরাসের প্রভাব পরিমাপের জন্য সবচেয়ে নির্ভরযোগ্য মেট্রিক হলো প্রতি 100,000 এর মধ্যে কেসের সংখ্যার ডাটা - শতকরা পজিটিভ ফলাফল নয়।

- **CDC-এর মাধ্যমে রিপোর্টকৃত ও সংকলিত মোট মৃত্যু** - 78,557

NYS DOH ও NYC দ্বারা CDC-এর কাছে রিপোর্ট করা এই দৈনিক কোভিড-19 এর সাময়িক ডেথ সার্টিফিকেটের তথ্যে হাসপাতাল, নার্সিং হোম, প্রাপ্তবয়স্কদের সেবাসদন, বাড়ি, হসপিস ও অন্যান্য স্থানগুলি সহ কোন স্থানে মারা যাওয়া ব্যক্তিরা অন্তর্ভুক্ত আছেন।

- **মোট প্রয়োগ করা টিকার ডোজ** - 43,808,537
- **গত 24 ঘণ্টায় প্রয়োগ করা মোট টিকার ডোজ -** 4,886
- **গত 7 দিনে প্রয়োগ করা মোট টিকার ডোজ -** 27,541
- **18 বছর বা তার বেশি বয়সী নিউ ইয়র্কবাসীদের যত শতাংশ টিকার সব ডোজ পেয়েছেন** - 85.5%
- **18 বছর বা তার বেশি বয়সী নিউ ইয়র্কবাসীদের যত শতাংশ টিকার সব ডোজ পেয়েছেন (CDC) -** 90.7%

- **18 বছর বা তার বেশি বয়সী নিউ ইয়র্কবাসীদের যত শতাংশ হালনাগাদ আছেন -** 16.0%
- **12-17 বছর বয়সী নিউ ইয়র্কবাসীদের যত শতাংশ টিকার সব ডোজ পেয়েছে** - 74.5%
- **12-17 বছর বয়সী নিউ ইয়র্কবাসীদের যত শতাংশ টিকার সব ডোজ পেয়েছেন (CDC)** - 76.3%
- **12-17 বয়সী নিউ ইয়র্কবাসীদের যত শতাংশ হালনাগাদ আছে -** 6.3%
- **5-11 বছর বয়সী নিউ ইয়র্কবাসীদের যত শতাংশ টিকার সব ডোজ পেয়েছে -** 40.0%
- **5-11 বছর বয়সী নিউ ইয়র্কবাসীদের যত শতাংশ টিকার সব ডোজ পেয়েছেন (CDC)** - 40.9%
- **5-11 বয়সী নিউ ইয়র্কবাসীদের যত শতাংশ হালনাগাদ আছে -** 3.7%
- **0-4 বছর বয়সী নিউ ইয়র্কবাসীদের যত শতাংশ টিকার সব ডোজ পেয়েছে -** 7.7%
- **0-4 বয়সী নিউ ইয়র্কবাসীদের যত শতাংশ হালনাগাদ আছে -** 7.7%
- **সকল নিউ ইয়র্কবাসীদের যত শতাংশ টিকার সব ডোজ পেয়েছেন -** 76.5%
- **সকল নিউ ইয়র্কবাসীদের যত শতাংশ টিকার সম্পূর্ণ ডোজ পেয়েছেন (CDC) -** 80.8%
- **সকল নিউ ইয়র্কবাসীদের যত শতাংশ হালনাগাদ আছেন -** 13.9%

প্রতি 100K জনসংখ্যার প্রতিটি অঞ্চলের 7-দিনের কেসের গড় নিম্নরূপ:

| **অঞ্চল** | **মঙ্গলবার, 21 ফেব্রুয়ারি, 2023** | **বুধবার, 22 ফেব্রুয়ারি, 2023** | **বৃহস্পতিবার, 23 ফেব্রুয়ারি, 2023** |
|---|---|---|---|
| Capital Region | 14.10 | 14.01 | 12.63 |
| Central New York | 11.09 | 14.83 | 11.73 |
| Finger Lakes | 12.39 | 12.72 | 10.31 |
| Long Island | 9.30 | 9.69 | 8.70 |
| Mid-Hudson | 11.24 | 11.46 | 9.00 |
| Mohawk Valley | 16.48 | 17.72 | 11.33 |
| New York City | 6.18 | 8.06 | 6.98 |
| North Country | 22.91 | 17.90 | 13.37 |
| Southern Tier | 20.22 | 17.53 | 16.43 |
| Western New York | 14.84 | 13.90 | 9.27 |
| **স্টেট ব্যাপী** | **9.93** | **10.76** | **8.89** |

গত তিন দিনে রিপোর্ট করা প্রত্যেক অঞ্চলের 7-দিনের পরীক্ষার পজিটিভ ফলাফলের গড় শতকরা হার নিচে দেওয়া হয়েছে**:

| **অঞ্চল** | **মঙ্গলবার, 21 ফেব্রুয়ারি, 2023** | **বুধবার, 22 ফেব্রুয়ারি, 2023** | **বৃহস্পতিবার, 23 ফেব্রুয়ারি, 2023** |
|---|---|---|---|
| Capital Region | 7.13% | 6.96% | 6.81% |
| Central New York | 6.53% | 6.49% | 6.13% |
| Finger Lakes | 7.04% | 7.06% | 6.91% |
| Long Island | 4.05% | 4.08% | 4.02% |
| Mid-Hudson | 3.63% | 2.78% | 2.62% |
| Mohawk Valley | 7.22% | 7.23% | 6.77% |
| New York City | 3.01% | 2.87% | 2.75% |
| North Country | 7.97% | 8.24% | 8.16% |
| Southern Tier | 7.32% | 7.28% | 7.66% |
| Western New York | 10.78% | 10.70% | 10.91% |
| **স্টেট ব্যাপী** | **4.33%** | **4.04%** | **3.91%** |

** ফেডারেল ডিপার্টমেন্ট অফ হেলথ অ্যান্ড হিউম্যান সার্ভিসেস এর পরীক্ষার রিপোর্টিং সংক্রান্ত নীতিমালার পরিবর্তন এবং অন্যান্য কয়েকটি কারণে, কোনো কমিউনিটিতে ভাইরাসের প্রভাব পরিমাপের সবচেয়ে নির্ভরযোগ্য পদ্ধতি হলো প্রতি 100,000 এ কেস সংখ্যার ডাটা -- পজিটিভের শতকরা হার নয়।

গত তিন দিনে রিপোর্ট করা প্রতিটি নিউ ইয়র্ক সিটি বরোর 7-দিনের পরীক্ষার পজিটিভ ফলাফলের গড় শতকরা হার নিচে দেওয়া হয়েছে **:

| **NYC-এর বরো** | **মঙ্গলবার, 21 ফেব্রুয়ারি, 2023** | **বুধবার, 22 ফেব্রুয়ারি, 2023** | **বৃহস্পতিবার, 23 ফেব্রুয়ারি, 2023** |
|---|---:|---:|---:|
| Bronx | 2.81% | 2.63% | 2.50% |
| Kings | 2.42% | 2.31% | 2.25% |
| New York | 3.72% | 3.60% | 3.31% |
| Queens | 3.35% | 3.24% | 3.12% |
| Richmond | 3.57% | 3.35% | 3.26% |

** ফেডারেল স্বাস্থ্য ও মানব পরিষেবা বিভাগ (Department of Health and Human Services) এর পরীক্ষার রিপোর্টিং সংক্রান্ত নীতিমালার পরিবর্তন এবং অন্যান্য কয়েকটি কারণে, কোনো কমিউনিটিতে ভাইরাসের প্রভাব পরিমাপের সবচেয়ে নির্ভরযোগ্য পদ্ধতি হলো প্রতি 100,000 এ কেস সংখ্যার ডেটা -- পজিটিভের শতকরা হার নয়।

গতকাল নিউ ইয়র্ক স্টেটে 1,737 জন নিউ ইয়র্কবাসী কোভিড-19 পরীক্ষায় পজিটিভ ফলাফল পেয়েছেন, যা মোট আক্রান্তের সংখ্যাকে 6,615,688 জনে উন্নীত করেছে। একটি ভৌগলিক বিশ্লেষণ নিম্নরূপ:

| কাউন্টি | মোট পজিটিভ | নতুন পজিটিভ |
|---|---|---|
| Albany | 79,098 | 24 |
| Allegany | 10,832 | 6 |
| Broome | 58,945 | 44 |
| Cattaraugus | 19,330 | 10 |
| Cayuga | 20,564 | 10 |
| Chautauqua | 29,570 | 9 |
| Chemung | 26,725 | 21 |
| Chenango | 11,864 | 6 |
| Clinton | 22,754 | 20 |
| Columbia | 13,986 | 9 |
| Cortland | 13,466 | 5 |
| Delaware | 10,214 | 2 |
| Dutchess | 85,223 | 30 |
| Erie | 270,202 | 83 |
| Essex | 7,754 | 5 |
| Franklin | 12,139 | 7 |
| Fulton | 16,675 | 11 |
| Genesee | 16,653 | 7 |
| Greene | 11,085 | 7 |
| Hamilton | 1,101 | 1 |
| Herkimer | 17,558 | 3 |
| Jefferson | 27,337 | 11 |
| Lewis | 7,379 | 2 |
| Livingston | 14,446 | 9 |
| Madison | 16,903 | 11 |
| Monroe | 192,821 | 80 |
| Montgomery | 15,107 | 2 |

| | | |
|---|---|---|
| Nassau | 549,809 | 122 |
| Niagara | 59,823 | 20 |
| NYC | 3,084,619 | 586 |
| Oneida | 69,417 | 34 |
| Onondaga | 143,162 | 53 |
| Ontario | 26,280 | 4 |
| Orange | 140,374 | 35 |
| Orleans | 10,619 | 8 |
| Oswego | 34,804 | 12 |
| Otsego | 13,379 | 3 |
| Putnam | 31,714 | 4 |
| Rensselaer | 41,953 | 18 |
| Rockland | 118,967 | 18 |
| Saratoga | 61,797 | 40 |
| Schenectady | 43,892 | 21 |
| Schoharie | 6,618 | 2 |
| Schuyler | 4,339 | - |
| Seneca | 7,703 | 3 |
| St. Lawrence | 26,404 | 10 |
| Steuben | 25,397 | 12 |
| Suffolk | 568,588 | 125 |
| Sullivan | 24,757 | 14 |
| Tioga | 14,127 | 6 |
| Tompkins | 26,715 | 13 |
| Ulster | 43,382 | 15 |
| Warren | 19,011 | 8 |
| Washington | 15,945 | 10 |
| Wayne | 21,987 | 8 |
| Westchester | 335,950 | 93 |
| Wyoming | 9,964 | 3 |
| Yates | 4,461 | 2 |

নিচের তথ্য হাসপাতালে ভর্তি হওয়া রোগীদের মধ্যে কোভিড-19 এর পরীক্ষায় পজিটিভ হওয়া রোগীদের কতজন কোভিড-19/কোভিড-19 সংক্রান্ত জটিলতার কারণে হাসপাতালে ভর্তি হয়েছেন এবং কতজন কোভিড-19 ব্যতীত অন্য কারণে ভর্তি হয়েছেন তাদের সংখ্যা প্রকাশ করে:

| অঞ্চল | বর্তমানে হাসপাতালে ভর্তি কোভিড-19 রোগীর সংখ্যা | কোভিডের কারণে বা কোভিড সংক্রান্ত জটিলতার কারণে ভর্তি | কোভিডের কারণে বা কোভিড সংক্রান্ত জটিলতার কারণে ভর্তি রোগীর শতাংশ | যেসব রোগী ভর্তির সময়ে ভর্তির কারণ হিসাবে কোভিড উল্লেখ ছিল না | যেসব রোগী ভর্তির সময়ে ভর্তির কারণ হিসাবে কোভিড উল্লেখ ছিল না তাদের শতাংশ |
|---|---|---|---|---|---|
| Capital Region | 143 | 83 | 58.0% | 60 | 42.0% |
| Central New York | 74 | 43 | 58.1% | 31 | 41.9% |
| Finger Lakes | 257 | 81 | 31.5% | 176 | 68.5% |
| Long Island | 278 | 128 | 46.0% | 150 | 54.0% |
| Mid-Hudson | 193 | 67 | 34.7% | 126 | 65.3% |
| Mohawk Valley | 48 | 26 | 54.2% | 22 | 45.8% |
| New York City | 661 | 267 | 40.4% | 394 | 59.6% |
| North Country | 55 | 33 | 60.0% | 22 | 40.0% |
| Southern Tier | 74 | 21 | 28.4% | 53 | 71.6% |
| Western New York | 162 | 69 | 42.6% | 93 | 57.4% |
| **স্টেট ব্যাপী** | 1,945 | 818 | 42.1% | 1,127 | 57.9% |

ওমিক্রন ভ্যারিয়েন্ট বর্তমানে সংক্রমণরত ভাইরাসের 95% এর প্রতিনিধিত্ব করে। ভ্যারিয়েন্ট ট্র্যাকিং সম্পর্কে আরো তথ্যের জন্য অনুগ্রহ করে এখানে ভিজিট করুন: কোভিড-19 ভ্যারিয়েন্ট সংক্রান্ত ডাটা | স্বাস্থ্য দপ্তর (Department of Health (ny.gov)।

গতকাল, কোভিড-19 এর কারণে নতুন মোট 10টি মৃত্যু সম্পর্কে রিপোর্ট করা হয়েছে, যা মোট মৃত্যুর সংখ্যাকে 61,800 জনে উন্নীত করেছে। বসবাসের কাউন্টি অনুসারে, নিচে ভৌগলিক ভিত্তিতে ভেঙে দেখানো হয়েছে:

| কাউন্টি | নতুন মৃত্যু |
|---|---|
| Bronx | 1 |
| Delaware | 1 |
| Onondaga | 2 |
| Ontario | 1 |
| Orange | 1 |
| Rockland | 1 |
| Suffolk | 2 |
| Westchester | 1 |
| সর্বমোট | 10 |

যেসব নিউ ইয়র্কবাসী 5-11 বছর বয়সী শিশুদের জন্য টিকার অ্যাপয়েন্টমেন্ট নিতে চান তাদেরকে তাদের সন্তানের শিশুরোগ বিশেষজ্ঞ, পারিবারিক চিকিৎসক, কাউন্টি স্বাস্থ্য বিভাগ, ফেডারেলভাবে যোগ্যতাপ্রাপ্ত স্বাস্থ্য কেন্দ্র (Federally Qualified Health Centers, FQHC), গ্রামীণ স্বাস্থ্য কেন্দ্র বা যেসব ফার্মেসি এই বয়স দলের জন্য টিকাদান কার্যক্রম পরিচালনা করছে, তাদের সাথে যোগাযোগ করতে উৎসাহিত করা হচ্ছে। কাছাকাছি কেন্দ্রগুলো খুঁজে নিতে পিতামাতা ও অভিভাবকরা vaccines.gov, ওয়েবসাইটে যেতে পারেন, তাদের জিপ কোড 438829 নম্বরে টেক্সট করতে পারেন, অথবা 1-800-232-0233 নম্বরে ফোন করতে পারেন। নিশ্চিত করুন যে প্রোভাইডার ফাইজার-বায়োএনটেক কোভিড-19 টিকা প্রদান করে, যেহেতু এই বয়স দলের জন্য অন্য কোভিড-19 টিকা এখনো অনুমোদিত নয়।

বিশেষভাবে এই বয়সী শিশুদের পিতামাতা ও অভিভাবকদের জন্য নতুন তথ্য, বহুল জিজ্ঞাসিত প্রশ্নাবলি ও উত্তর, ও তথ্যসূত্রের জন্য আমাদের ওয়েবসাইট দেখুন।

###

আরো সংবাদ পাওয়া যাবে এখানে www.governor.ny.gov-এ
নিউ ইয়র্ক স্টেট | এক্সিকিউটিভ চেম্বার | press.office@exec.ny.gov | 518.474.8418

আনসাবস্ক্রাইব করুন